

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২  
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০১২.১৪.১৭০.১৯-৪৪৪

তারিখ: ২০ জুন, ২০১৯ খ্রিঃ।

প্রেরকঃ উপপরিচালক (কাবিখা-২),  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

প্রাপকঃ ১। জেলাপ্রশাসক, চাঁদপুর/নরসিংদী/নেত্রকোনা।  
২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।

বিষয়: ২০১৮-১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য নগদ অর্থ বরাদ্দ প্রদান।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ২০/০৬/২০১৯ খ্রিঃ তারিখের ৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৮(অংশ-২৫)-২৯৪ নং স্মারক।


সূত্রোল্লিখিত স্মারকের প্রেক্ষিতে ২০১৮-১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় উল্লেখিত জেলা ও উপজেলার ০৪ টি প্রকল্প বাস্তবায়নের জন্য সর্বমোট ৪,৭৬,৭৩৩.১৮ (চার লক্ষ ছিয়াত্তর হাজার সাতশত তেত্রিশ দশমিক আঠার) টাকা নিম্নবর্ণিত শর্তে বরাদ্দ প্রদানের নিমিত্ত বরাদ্দ প্রদান করছি। এই ব্যয় বাজেট কোড নং-১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ হতে নির্বাহ করা হবে।

২। বরাদ্দকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র দ্রুত সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে প্রদানের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হলোঃ

ক্রমিক	জেলা ও উপজেলা	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ (টাকা)
১।	চাঁদপুর কচুয়া	১। পালগিরি, বুরগী পাকা রাস্তার বুরগী হাজী মসজিদ সংলগ্ন পূর্ব পাড়ে ১৩২ ফিট রিটেশন গাইড ওয়াল ও বালু ড্রাট করে রাস্তা মেরামত।	১,৩০,০১৮.১৪ টাকা
২।	নরসিংদী বেলাবো	১। লাখপুর মধ্যপাড়া জামে মসজিদ মেরামত।	৮৬,৬৭৮.৭৬ টাকা
৩।	নেত্রকোণা কেন্দুয়া	১। রোয়াইলবাড়ি দুর্গের দক্ষিণ এবং পূর্ব পার্শ্বের সীমানা দেয়াল নির্মাণ।	১,৩০,০১৮.১৪ টাকা
		২। রোয়াইলবাড়ি দুর্গ সংলগ্ন খাস পুকুরের মাঝে পর্যটক ছাউনি ও সংযোগ রাস্তা নির্মাণ।	১,৩০,০১৮.১৪ টাকা
		মোট= ২,৬০,০৩৬.২৮ টাকা	
সর্বমোট (১+২+৩)=			৪,৭৬,৭৩৩.১৮ (চার লক্ষ ছিয়াত্তর হাজার সাতশত তেত্রিশ দশমিক আঠার) টাকা

**শর্তসমূহঃ**

- (১) এই প্রকল্পের অর্থ উত্তোলন ও বাস্তবায়নের সময়সীমা ৩০/০৬/২০১৯ খ্রি.;
- (২) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করতে হবে;
- (৩) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সর্বশেষ জারীকৃত “গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকা” অনুসারে প্রাক্কলন প্রস্তুতসহ অন্যান্য অনুচ্ছেদ এবং সকল বিধি-বিধান/পদ্ধতি অনুসরণ করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে এবং মন্ত্রণালয় ও অধিদপ্তর বরাবরে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- (৪) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও শর্ত ১ এ বর্ণিত নির্দেশিকা-এর অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৫) বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/ পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;
- (৬) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি’র সভাপতি করতে হবে;
- (৭) নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করা এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৮) কোন প্রকল্প ডুয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত/ আইন বিধির আওতায় আনতে হবে।
- (৯) কোন প্রকল্প ডুপ্লিকেশন হলে ঐ প্রকল্পে বরাদ্দকৃত অর্থ সরকারী কোষাগারে ফেরৎ প্রদান করতে হবে;
- (১০) পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- (১১) নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।


  
(মো. মনিরুজ্জামান)  
(উপসচিব)

উপ পরিচালক (কাবিখা-২)

ফোন: ৫৮৮১৫৫৬০

Email: ddmreport@gmail.com

- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ
- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
  - ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
  - ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
  - ৪। অতি: সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
  - ৫। পরিচালক (মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
  - ৬। উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, চাঁদপুর/ বেলাবো, নরসিংদী/ কেন্দুয়া, নেত্রকোনা।
  - ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চাঁদপুর/নরসিংদী/নেত্রকোনা।
  - ৮। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা [পত্রটি অত্র অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো]।
  - ০৯। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, চাঁদপুর/নরসিংদী/নেত্রকোনা [উল্লেখিত অর্থ **ibas++** এ ছাড় করণের জন্য উপ-বরাদ্দের কপি **ddmreport@gmail.com** এ ই-মেইল প্রেরণের অনুরোধসহ]।
  - ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
(মো. মনিরুজ্জামান)  
(উপসচিব)  
উপপরিচালক (কাবিখা-২)